Diploma Programme
Programme du diplôme
Programa del Diploma

# Bengali A: literature – Higher level – Paper 2
# Bengali A : littérature – Niveau supérieur – Épreuve 2
# Bengalí A: literatura – Nivel superior – Prueba 2

Thursday 11 May 2017 (morning)
Jeudi 11 mai 2017 (matin)
Jueves 11 de mayo de 2017 (mañana)

2 hours / 2 heures / 2 horas

---

### Instructions to candidates

- Do not open this examination paper until instructed to do so.
- Answer one essay question only. You must base your answer on at least two of the part 3 works you have studied and compare and contrast these works in response to the question. Answers which are not based on a discussion of at least two part 3 works will not score high marks.
- You are not permitted to bring copies of the works you have studied into the examination room.
- The maximum mark for this examination paper is **[25 marks]**.

### Instructions destinées aux candidats

- N’ouvrez pas cette épreuve avant d’y être autorisé(e).
- Traitez un seul sujet de composition. En basant votre réponse sur au moins deux des œuvres de la troisième partie que vous avez étudiées, vous devez comparer et opposer ces œuvres dans le cadre du sujet. Les réponses qui ne sont pas basées sur au moins deux des œuvres de la troisième partie n’obtiendront pas une note élevée.
- Vous n’êtes pas autorisé(e) à apporter des exemplaires des œuvres que vous avez étudiées dans la salle d’examen.
- Le nombre maximum de points pour cette épreuve d’examen est de **[25 points]**.

### Instrucciones para los alumnos

- No abra esta prueba hasta que se lo autoricen.
- Conteste una sola pregunta de redacción. Base su respuesta en al menos dos de las obras estudiadas de la parte 3, comparándolas y contrastándolas en relación con la pregunta. Las respuestas que no se basen en al menos dos obras de la parte 3 no recibirán una puntuación alta.
- No está permitido traer copias de las obras estudiadas a la sala de examen.
- La puntuación máxima para esta prueba de examen es **[25 puntos]**.



2217 – 0022

© International Baccalaureate Organization 2017

International Baccalaureate®
Baccalauréat International
Bachillerato Internacional

https://xtremepape.rs/

যে কোন **একটি** প্রশ্নের উত্তর দিন। উত্তরটি আপনার পড়া তৃতীয় ভাগের দুই ভিন্ন লেখকের অন্ততঃপক্ষে **দুটি** রচনার উপর ভিত্তি করে দিতেই হবে এবং উত্তরটি সেই রচনা দুটির **তুলনামূলক ও বিপরীতধর্মী** আলোচনার মাধ্যমে দিতে হবে। যদি উত্তর তৃতীয় অংশের দুই ভিন্ন লেখকের অন্ততঃপক্ষে দুটি রচনার আলোচনার উপর ভিত্তি করে **না** দেওয়া হয় তবে ভাল মার্ক্স পাওয়া যাবে **না**।

**কবিতা**

**1.** প্যাটার্ন বা নক্‌শা হল কবিতার এক গুরুত্বপূর্ণ প্রাথমিক শর্ত। তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন কবির দুটি কবিতায় ভিন্ন ভিন্ন প্রকারের কাব্যিক প্যাটার্ন বা কাব্যিক নক্‌শার তুলনামূলক আলোচনা কর এবং দেখাও সেই প্যাটার্ন বা নক্‌শা কিভাবে কবিতাগুলিকে সামগ্রিকভাবে সফল করে তুলতে সাহায্য করেছে।

**2.** "কবিতা আমাদের মনুষ্যচরিত্রের অন্দরমহল সম্পর্কে বিশদভাবে বা আরো ভালভাবে জানতে সাহায্য করে।" তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন কবির দুটি কবিতার তুলনামূলক আলোচনা করে দেখাও কবিরা কিভাবে এবং কোন কোন সাহিত্যিক কৌশলের সাহায্যে তা করে থাকেন।

**3.** কবিরা কবিতায় প্রকৃতি এবং মানুষকে হয় সামঞ্জস্যপূর্ণভাবে অথবা বৈপরীত্যমূলকভাবে তুলে ধরেন। তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন কবির দুটি কবিতার তুলনামূলক আলোচনা করে দেখাও ভিন্ন ভিন্ন কবি কোন কোন সাহিত্যিক কৌশল ব্যবহার করে মানুষ ও প্রকৃতির এই পারস্পরিক সম্পর্ককে গড়ে তোলেন।

**উপন্যাস**

**4.** কিছু ঔপন্যাসিক তাঁদের লেখার মাধ্যমে প্রায়শই নৈতিকতার জ্ঞান ও বোধ গড়ে তোলার চেষ্টা করেন। তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন ঔপন্যাসিকের দুটি উপন্যাসের তুলনা করে দেখাও কোন কোন সাহিত্যিক কৌশলের সাহায্যে তাঁরা তা সফলভাবে করতে পেরেছেন।

**5.** ঔপন্যাসিকরা কিভাবে শ্লেষ বা বিদ্রূপের মাধ্যমে তাঁদের মূল বক্তব্যকে তুলে ধরেন, তা তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন ঔপন্যাসিকের দুটি উপন্যাসের তুলনা ও বৈপরীত্যমূলক আলোচনা করে দেখাও।

**6.** উপন্যাসে প্রায়শই ভিন্ন ভিন্ন কাহিনীসূত্র একসাথে যুক্ত হয়ে সামগ্রিক কাহিনীকে সমৃদ্ধ করে। তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন ঔপন্যাসিকের দুটি উপন্যাসের তুলনা ও বৈপরীত্যমূলক আলোচনা করে দেখাও কিভাবে সেখানে ভিন্ন ভিন্ন কাহিনীসূত্রের রেখা একত্র হয়ে একটি মূল কাহিনীকে সফলভাবে গড়ে তোলে।

https://xtremepape.rs/

**ছোটগল্প**

**7.** তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি ছোটগল্পের তুলনা ও বৈপরীত্যমূলক আলোচনা করে দেখাও যে ছোটগল্পকারা তাঁদের ছোটগল্পে গল্প শুরুর মূহূর্তটিকে কিভাবে ও কতটা সফলভাবে উপস্থাপন করেছেন।

**8.** তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন ছোটগল্পকারের দুটি ছোটগল্পের তুলনা ও বৈপরীত্যমূলক আলোচনা করে দেখাও সেখানে শৈশবকাল ও তার সফল বর্ণনা কিভাবে ও কোন কোন সাহিত্যিক কৌশলের সাহায্যে উপস্থাপিত করা হয়েছে।

**9.** অনেক চরিত্র তারা প্রকৃতপক্ষে ঠিক যেরকম, সেভাবে তাদের নিজেদেরকে প্রকাশ করে না। ছোটগল্পে চরিত্রগুলির এই দ্বৈততা কতটা গুরুত্বপূর্ণ তা তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন ছোটগল্পকারের দুটি ছোটগল্পের তুলনা ও বৈপরীত্যমূলক আলোচনা করে দেখাও।

**প্রবন্ধ**

**10.** তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন প্রবন্ধকারের দুটি প্রবন্ধের তুলনা ও বৈপরীত্যমূলক আলোচনা করে দেখাও প্রবন্ধে লেখকের ভাষ্য এবং তার সাথে তাঁর বিষয়বস্তুর সম্পর্ক কিভাবে রচনাকে প্রভাবিত করে।

**11.** ফোটো, আইনি দলিল বা কাগজপত্র এবং আরো অন্যান্য ধরণের বাস্তব ও প্রামাণিক তথ্য ব্যবহার করে প্রবন্ধকার তাঁর রচনার বিশ্বাসযোগ্যতা গড়ে তোলেন। তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন প্রবন্ধকারের দুটি প্রবন্ধের তুলনা ও বৈপরীত্যমূলক আলোচনা করে এই বক্তব্যের যথার্থতা দেখাও।

**12.** তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন প্রবন্ধকারের দুটি প্রবন্ধের তুলনা ও বৈপরীত্যমূলক আলোচনা করে দেখাও তাঁরা কিভাবে অতিরঞ্জনের ব্যবহার, কিংবা কোন বিশেষ পরিস্থিতির, অথবা কোন ব্যক্তির বিস্তারিত বর্ণনা বা ব্যাখ্যাকে ব্যবহার করে তাঁদের দৃষ্টিভঙ্গিকে সফলভাবে প্রকাশ করেছেন।

https://xtremepape.rs/